**একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
**বাজেট অনুবিভাগ-১, শাখা-৩**
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০১.১৫(অংশ)-৬৭ তারিখঃ ১২ মাঘ ১৪২২ / ২৫ জানুয়ারি ২০১৬

# পরিপত্র

বিষয়ঃ **সরকারি চাকুরিতে নতুন নিয়োগ ও পদোন্নতি এবং ১ জুলাই হতে ১৪ ডিসেম্বর, ২০১৫ সময়ে প্রাপ্ত টাইম স্কেল ও সিলেকশন গ্রেড প্রাপ্তির ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে অনলাইনে বেতন নির্ধারণ**

জাতীয় বেতন স্কেল ২০১৫-এর আদেশ গেজেট আকারে প্রকাশের পর সকল সরকারি চাকুরিজীবির জন্য বাধ্যতামূলকভাবে অনলাইনে বেতন নির্ধারণ (Pay fixation) ব্যবস্থার প্রচলন করা হয়েছে, যার মাধ্যমে সকল সরকারি চাকুরিজীবির বেতন ও অন্যান্য তথ্য সম্বলিত একটি নির্ভুল ডাটাবেজ প্রস্তুত হচ্ছে। এ ডাটাবেজ নিয়মিত আপডেট করার স্বার্থে ১ জুলাই, ২০১৫ তারিখে অনলাইনে বেতন নির্ধারণের পর যেসব ক্ষেত্রে বিভিন্ন কারণে মূল বেতনের পরিবর্তন হবে, সেগুলোও বেতন নির্ধারণের জন্য প্রস্তুতকৃত ওয়েবসাইট (www.payfixation.gov.bd) ব্যবহার করে অনলাইনে হালনাগাদ করা প্রয়োজন। এ প্রেক্ষিতে নিম্নবর্ণিত নির্দেশনা জারী করা হলঃ

**ক) নতুন নিয়োগ:** ১ জুলাই, ২০১৫ তারিখ বা তার পরবর্তীতে সরকারি চাকুরিতে নতুন নিয়োগ পাওয়া প্রত্যেককে বাধ্যতামূলকভাবে অনলাইনে বেতন নির্ধারণ করতে হবে। অনলাইনে বেতন নির্ধারণ ব্যতিরেকে নতুন নিয়োগপ্রাপ্ত কোন চাকুরিজীবির বেতন ও ভাতাদি পরিশোধ করা যাবে না;

**খ) পদোন্নতি:** ১ জুলাই, ২০১৫ তারিখ বা তার পরবর্তীতে পদোন্নতি পাওয়া সকল সরকারি চাকুরিজীবির প্রত্যেককে পদোন্নতিজনিত কারণে বাধ্যতামূলকভাবে অনলাইনে বেতন নির্ধারণ করতে হবে। অনলাইনে বেতন নির্ধারণ ব্যতিরেকে কোন চাকুরিজীবিকে পদোন্নতিজনিত কারণে উচ্চতর গ্রেডে বেতন ও ভাতা পরিশোধ করা যাবে না;

**গ) ১ জুলাই হতে ১৪ ডিসেম্বর, ২০১৫ সময়ে প্রাপ্ত টাইম স্কেল ও সিলেকশন গ্রেড:** যেসকল সরকারি চাকুরিজীবি ১ জুলাই হতে ১৪ ডিসেম্বর, ২০১৫ সময়ে টাইম স্কেল বা সিলেকশন গ্রেড পেয়েছেন, তাদের সকলকে প্রতিটি প্রাপ্ত সুবিধার জন্য আলাদা আলাদা করে বাধ্যতামূলকভাবে অনলাইনে বেতন নির্ধারণ করতে হবে। কোন চাকুরিজীবি এ সময়ের মধ্যে একাধিক সুবিধা পেয়ে থাকলে যে সুবিধাটি তিনি আগে পেয়েছেন, প্রথমে তার জন্য একবার বেতন নির্ধারণ করতে হবে ও পরবর্তী সুবিধার জন্য পুনরায় বেতন নির্ধারণ করতে হবে। অনলাইনে বেতন নির্ধারণ ব্যতিরেকে কোন চাকুরিজীবিকে টাইম স্কেল বা সিলেকশন গ্রেড প্রাপ্তির কারণে উচ্চতর গ্রেডে বেতন ও ভাতা পরিশোধ করা যাবে না;

**ঘ) অন্য যে কোন কারণে বেতন গ্রেড বা মূল বেতনের পরিবর্তন:** উপর্যুক্ত ক্ষেত্রসমূহ ছাড়া সময়ে সময়ে জারিকৃত সরকারি আদেশ বা অন্য কোন কারণে বেতন গ্রেড বা মূল বেতন পুন:নির্ধারণের ক্ষেত্রেও একই পদ্ধতি অনুসরণ করে বাধ্যতামূলকভাবে অনলাইনে বেতন নির্ধারণ করতে হবে।

০২। অনুচ্ছেদ-১ এ বর্ণিত কার্যক্রমের জন্য যে ওয়েবসাইট-টি প্রস্তুত করা হয়েছে, তা শীঘ্রই সকলের ব্যবহারের জন্য চালু করা হবে। এটি চালু না হওয়া পর্যন্ত নতুন নিয়োগ ও পদোন্নতি এবং ১ জুলাই হতে ১৪ ডিসেম্বর, ২০১৫ সময়ে প্রাপ্ত টাইম স্কেল ও সিলেকশন গ্রেড প্রাপ্তির কারণে উচ্চতর গ্রেডে বা একই গ্রেডে উচ্চতর ধাপে বেতন ও ভাতা পরিশোধ করা স্থগিত থাকবে। তবে, অনলাইন বেতন নির্ধারণ প্রক্রিয়া সম্পন্ন হয়ে গেলে, সকলে প্রাপ্য অতিরিক্ত বেতন যথানিয়মে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন।

০৩। যেসকল হিসাবরক্ষণ অফিস অনলাইনে বেতন নির্ধারণ ব্যতিরেকে ইতোমধ্যে পদোন্নতি, টাইম স্কেল বা সিলেকশন গ্রেড প্রাপ্তিজনিত কারণে নতুন হারে বেতন নির্ধারণ সম্পন্ন করেছে এবং নতুন হারে বেতন ও ভাতাদি পরিশোধ করেছে, তাদের ক্ষেত্রেও এ পরিপত্র জারীর তারিখ হতে নতুন হারে বেতন ও ভাতাদি পরিশোধ স্থগিত থাকবে এবং বেতন নির্ধারণের সবগুলো ধাপ অনলাইনে সম্পন্ন হওয়ার পরেই নতুন হারে বেতন ও ভাতা এবং প্রযোজ্য ক্ষেত্রে বকেয়া পরিশোধযোগ্য হবে।

২৫.১.২০২৫

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
অতিরিক্ত সচিব
☎ ৯৫১১০৫০

**বিতরণ (অধীনস্ত অধিদপ্তর/পরিদপ্তর/অফিসসমূহকে অবহিতকরণের অনুরোধসহ):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও ঢাকা
৩. বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা
৪. সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব,
...........................................................................মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৬. সচিব, সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
৭. সচিব, দূর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
৮. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৯. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
১০. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
১১. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সিজিডিএফ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
১২. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, আব্দুল গনি রোড, ঢাকা

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১. অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. অতিরিক্ত সচিব (প্রবিধি, বাস্তবায়ন ও রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠান), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. কর্মসূচি পরিচালক, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণঃ অগ্রাধিকার কার্যাক্রমসমূহের ধারাবাহিকতা রক্ষা কর্মসূচি, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
...........................................................................মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. সিনিয়র তথ্য কর্মকর্তা, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(পরিপত্রটি সংবাদ মাধ্যমকে অবহিত করার অনুরোধ করা হলো)
৬. সিনিয়র সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(পরিপত্রটি অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)